দৈনিক জনকণ্ঠ

তারিখ 15 JUN 2008 পৃষ্ঠা 2 কলাম ৫

শিক্ষা উপদেষ্টাকে স্মারকলিপি

# চট্টগ্রামে বেসরকারী শিক্ষক কর্মচারীদের সাংবাদিক সম্মেলন

**স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥** চট্টগ্রামে বেসরকারী শিক্ষক-কর্মচারীদের ২০ ভাগ মহার্ঘভাতা প্রদান, কতিপয় স্কুল-কলেজের এমপিও বাতিলের সিদ্ধান্ত পুনর্বিবেচনা, শিক্ষকদের বার্ষিক কর্মমূল্যায়ন নীতিমালা সংশোধন, জনবল কাঠামো ৯৫ বাতিলসহ শূন্যপদে এমপিওভুক্তির দাবিতে এক সংবাদ সম্মেলনের আয়োজন করা হয় শনিবার। চট্টগ্রাম প্রেসক্লাব মিলনায়তনে আয়োজিত এ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন বাংলাদেশ শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদ চট্টগ্রামের আঞ্চলিক শাখার প্রধান সমন্বয়ক সুনীল চক্রবর্তী। এর আগে শিক্ষা উপদেষ্টাকে পরিষদের পক্ষ থেকে দাবি-দাওয়া সংক্রান্ত একটি স্মারকলিপি প্রদান করা হয়।

সংবাদ সম্মেলনে বক্তারা বলেন, শিক্ষার সুষ্ঠু বিকাশ ও শিক্ষার্থীদের দক্ষ মানবসম্পদে রূপায়ণ করতে শিক্ষকদের ভূমিকা অনস্বীকার্য। কিন্তু দ্রব্যমূল্যের উর্ধগতি থাকা সত্ত্বেও বেসরকারী শিক্ষক-কর্মচারীদের ২০ ভাগ মহার্ঘভাতা প্রদানের সুস্পষ্ট কোন সরকারী ঘোষণা নেই। বেসরকারী শিক্ষক-কর্মচারীদের মাত্র মাসিক ১শ' টাকা হারে ঘরভাড়া ও ১৫০ টাকা চিকিৎসা ভাতা প্রদান করা হয়, যা বাস্তবতার সঙ্গে বেমানান। এদিকে সাময়িক ফল বিপর্যয়ের কারণে অনেক স্কুল-কলেজের এমপিও বাতিলের সিদ্ধান্ত নিয়েছে সরকার। কিছু স্কুল কলেজের এমপিও বাতিলের সিদ্ধান্ত পুনর্বিবেচনায় এনে মাধ্যমিক শিক্ষকদের বার্ষিক কর্মমূল্যায়ন নীতিমালা সংশোধন করা উচিত। জনবল কাঠামো ৯৫ বাতিল করে বরাদ্দকৃত শ্রেণী শাখা বহাল রেখে শূন্যপদে এমপিওভুক্তির দাবি জানানো হয় শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদের পক্ষ থেকে। শনিবার সকালে এ ব্যাপারে শিক্ষা উপদেষ্টাকে একটি স্মারকলিপি প্রদান করেছেন তাঁরা। আগামী ১৭ জুন জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রধান উপদেষ্টাকে স্মারকলিপি প্রদানের উদ্যোগ নিয়েছে পরিষদ। সম্মে... উপস্থিত ছি... পরিষদের আ... একেএম আবদুল... চৌধুরী, অধ্য... আবদুল হাই... মোঃ জাহা... চট্টগ্রামের... প্রতিষ্ঠা... শিক্ষক-কর্ম...